দৈনিক ইনকিলাব

তারিখ 08 DEC 1992
পৃষ্ঠা ১২ কলাম ২

39

# ডাকসু ও সর্বদলীয় ছাত্র ঐক্যের বিবৃতি

ডাকসু'র ভিপি আমান উল্লাহ আমান, জিএস খায়রুল কবির খোকন ভারতে ঐতিহাসিক বাবরী মসজিদ ভাঙ্গুর ও ক্ষতিসাধনের ঘটনার জন্য তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে এক বিবৃতি প্রদান করেন।

নেতৃদ্বয় গভীর উদ্বেগ প্রকাশ করে বলেন, মোঘল সাম্রাজ্যের হাজার বছরের ঐতিহ্য মণ্ডিত বাবরী মসজিদ চরম উগ্রপন্থী ধর্মান্ধ হিন্দু সাম্প্রদায়িক গোষ্ঠী ক্ষতিসাধন ও ধ্বংস করে। এহেন বর্বরোচিত ন্যাক্কারজনক ঘটনা শুধু ভারতীয় ধর্মপ্রাণ মুসলমানদের উপরই নয়, গোটা মুসলিম জাহানের ধর্মের উপর আঘাত করা হয়েছে।

এ ঘটনাকে পুঁজি করে কতিপয় স্বার্থান্বেষী মহল বাংলাদেশের দীর্ঘদিনের সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করে আইন-শৃংখলা পরিস্থিতি অবনতি ঘটিয়ে দেশে এক নৈরাজ্যকর অবস্থার সৃষ্টির পায়তারা চালাচ্ছে। আমরা সকল দেশপ্রেমিক রাজনৈতিক দল জাতীয়তাবাদী চেতনায় উদ্বুদ্ধ হয়ে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার জন্য সকল মহলের প্রতি উদাত্ত আহবান জানাচ্ছি। খবর প্রেস রিলিজ'র।

**সর্বদলীয় ছাত্র ঐক্য**

অপর এক বিবৃতিতে সর্বদলীয় ছাত্র ঐক্য '৯০-এর নেতৃবৃন্দ বিবৃতিতে ভারতে বাবরী মসজিদকে বিনষ্ট করার তীব্র নিন্দা করেছেন। বিবৃতিতে তারা বলেন, উগ্র হিন্দু মৌলবাদী বিজেপির নেতৃত্বে পরিচালিত হাজার বছরের ঐতিহ্য মণ্ডিত বাবরী মসজিদে হামলার এই ঘৃণ্য ঘটনার প্রতিবাদ জানানোর ভাষা আমাদের নেই। বিবৃতিতে তারা এই সুযোগে সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টের মহল বিশেষের প্রচেষ্টা কঠোরভাবে মোকাবেলার জন্য সরকারের নিকট দাবী জানান।